# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-06-2025　　Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) SSC যে ৪৪ হাজার শূন্য পদে নিয়োগের যে বিজ্ঞপ্তি ও নিয়ম প্রকাশ করেছে, তাকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের।

২) রাজ্য সরকার তাজপুর গভীর সমুদ্র বন্দর প্রকল্প আদানী গোষ্ঠীর হাত থেকে নিয়ে নিয়েছে।

৩) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি, আজ পরীক্ষা করে দেখা হয়।

৪) করোনা সংক্রমণ নিয়ে অযথা আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই বলে স্বাস্থ্ সচিব নারায়ণ স্বরূপ নিগম জানিয়েছেন।

৫) উত্তরবঙ্গে সময়ের আগে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর আগমন হলেও, শুষ্ক পশ্চিমী বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গে আপাতত গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

SSC-র নিয়োগ সংক্রান্ত নতুন নিয়ম প্রকাশ এবং বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে ফের মামলা দায়ের হয়েছে। আবেদনকারীর অভিযোগ, ৪৪ হাজার শূন্য পদে নিয়োগের যে বিজ্ঞপ্তি ও নিয়ম প্রকাশ করা হয়েছে তা অবৈধ। আদালত মামলা দায়েরর অনুমতি দিয়েছে। আগামী ৫'ই জুন বিচারপতি রাজা বসু চৌধুরীর অবকাশকালীন বেঞ্চে মামলার শুনানি।

মামলাকারীর আইনজীবীর আদালতে জানান, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী, নিয়োগ প্রক্রিয়া করতে হবে ২০১৬ সালের বিধি মেনে এবং শুধুমাত্র ওই বছরের প্রার্থীদের মধ্যে থেকেই। কিন্তু এই ক্ষেত্রে সেই নির্দেশ মানা হয়নি। বয়সের ছাড়ের বিষয়টিও নির্দেশ মেনে হয়নি বলে মামলাকারীর দাবি। কোনো প্রার্থী যদি একাধিক পরীক্ষায় বসে থাকেন, তাহলে সবগুলোতেই বয়েসের ছাড় পাবেন। কিন্তু নতুন বিজ্ঞপ্তিতে একবার মাত্র সুযোগ দেওয়ার কথা জানানো হয়েছে। এরকম একাধিক আপত্তির কথা জানিয়েছেন মামলাকারীর আইনজীবি।

উল্লেখ্য, গত ২৯ মে নিয়োগের নতুন বিধি এবং ৩০ মে চাকরির বিজ্ঞপ্তি প্রকাশ করে এসএসসি।

রাজ্য সরকার নিয়োগে স্বচ্ছতা বজায় রাখতে চায় না বলে জানিয়েছেন বিজেপি-র বিধানসভার মুখ্য সচেতক শঙ্কর ঘোষ।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি ভাঙচুর ও কর্মীদের কাজে বাধাদানের অভিযোগে চাকরিহারা শিক্ষক মেহবুব মন্ডল আজ বিধাননগর পুলিশ এর কাছে হাজিরা

দিয়েছেন। আইনজীবী কে সঙ্গে নিয়ে তিনি বিধাননগর থানায় যান। তাঁর বর্ধমানের বাড়ির বাইরে পুলিশ হাজিরা দেবার নোটিশ লাগিয়ে আসে বলে মেহবুব জানিয়েছেন।

এদিকে আরো এক চাকরিহারা শিক্ষক অমিত রঞ্জন ভুইয়া-কেও পুলিশ তলব করেছে বলে খবর।

ooooooooooooooooo

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুরের মতো জেলাগুলির পাশাপাশি দক্ষিণবঙ্গের সবকটি জেলাতে সকালে স্কুল শুরু করার দাবি জানিয়েছে । পাশাপাশি শিশুদের নির্দিষ্ট সময়ে জলপান নিশ্চিত করতে ওয়ার্টার বেল চালুরও তিনি দাবি জানিয়েছে সংগঠনটি।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী আবহাওয়ার পরিস্থিতি অনুযায়ী অন্তত ৭ দিন মর্নিং স্কুল চালু করা প্রয়োজন বলে জানিয়েছেন।

ooooooooooooooooo

রাজ্য সরকার তাজপুর গভীর সমুদ্র বন্দর প্রকল্প আদানী গোষ্ঠীর হাত থেকে সরিয়ে নিয়েছে। গতকাল রাজ্য মন্ত্রিসভা, প্রশাসনিক এই সিদ্ধান্তে ছাড়পত্র দিয়েছে। এই প্রকল্পের জন্য নতুন করে দরপত্র আহ্বানেরও সিদ্ধান্ত হয়েছে।

উল্লেখ্য, ২০২২ সালে আদানী গোষ্ঠী এই বন্দর নির্মাণের জন্য লেটার অফ ইনটেন্ট বা প্রাথমিক আগ্রহপত্র জমা দিলেও রাজ্য সরকারের কাছ থেকে তারা কাজের বরাত পায়নি।

অন্যদিকে, রাজ্য সরকার জানিয়েছে, এই বন্দর তৈরির জন্য প্রয়োজনীয় ছাড়পত্র মেলেনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি, আজ পরীক্ষা করে দেখা হয়। প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন বৃহস্পতিবার ৫-ই জুন। ভোট নেওয়া হবে ১৯-শে জুন। ২৩-শে জুন ভোট গণনা।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ২০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। এই সপ্তাহের মধ্যে বাহিনী রাজ্যে এসে পৌঁছবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে বামফ্রন্ট সমর্থিত জাতীয় কংগ্রেস প্রার্থী কাবিলউদ্দীন সেখকে সিপিআই (এমএল) লিবারেশন সমর্থন করবে। আজ এক বিবৃতিতে লিবারেশন এর রাজ্য সম্পাদক অভিজিৎ মজুমদার একথা জানিয়েছেন। উল্লেখ্য, আগামী ১৯শে জুন কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সমাজ মাধ্যমে বিতর্কিত পোস্ট করার অভিযোগে গুরুগ্রাম থেকে গ্রেপ্তার শর্মিষ্ঠা পানোলিকে আপাতত, জামিন দিল না কলকাতা হাইকোর্ট। বিচারপতি পার্থ সারথী চট্টোপাধ্যায় রাজ্যকে গ্রেফতারির কারণ জানানোর পাশাপাশি জমা দিতে বলেছেন, কেস ডায়রী। সব পক্ষেরই কোন ধরনের মন্তব্য করার আগে সচেতন থাকার পরামর্শ দিয়েছে

আদালত। পাশাপাশি একই ধরনের অভিযোগে যাতে আর কোন মামলা দায়ের না হয়, তা নিশ্চিত করতে বলা হয়েছে রাজ্যকে। আগামী ৫-ই জুন মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুর এলাকায় ট্রেড লাইসেন্স ফি বাড়ানোর প্রতিবাদে শ্রমিক সংগঠন, আই এন টি ইউ সি সেবা দল আজ দুপুরে পুর ভবনের সামনে বিক্ষোভ দেখিয়েছে। মেয়র ফিরহাদ হাকিম না থাকায় তারা মেয়রের কার্যালয়ে ডেপুটেশন জমা দেন। আই এন টি ইউ সি-র সেবা দলের সভাপতি প্রমোদ পান্ডের অভিযোগ লাইসেন্স ফি বৃদ্ধির ফলে ছোটো ব্যবসায়ীরা আর্থিক চাপের মুখে পড়ছে। তারা পুরনো ফি, ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

অপারেশন সিঁদুর এর সাফল্যে সেনাবাহিনীর বীর জওয়ান দের কুর্নিশ জানিয়ে অভিনেতা খরাজ মুখোপাধ্যায় বলেন, জাতি ধর্ম নির্বিশেষে সকলেই গর্বিত । পাহেলগাঁওতে যে ঘটনা ঘটেছে তার পুনরাবৃত্তি যাতে আর না হয় সে প্রার্থনাও করেন তিনি।

(বাইট – খরাজ মুখোপাধ্যায়)

০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইটের বিষয় অপারেশন সিঁদুর-সংসদীয় প্রতিনিধি দল। অংশ নিয়েছেন বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকার। তাঁর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার তৃতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ।

রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ-এর সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে শোনা যাবে এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০

করোনা সংক্রমণ নিয়ে অযথা আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই বলে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানিয়েছেন। স্বাস্থ্য দফতর ক্রমাগত পরিস্থিতির ওপর নজর রাখছে বলে তাঁর দাবি।

এদিকে, রাজ্যে করোনায় আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। প্রবল শ্বাসকষ্ট নিয়ে বছর ৪৩-এর এক মহিলা আলিপুরের একটি বেসরকারী হাসপাতালে ভর্তি হন। কভিড পরীক্ষায় তার রিপোর্ট পজিটিভ আসে। গতকাল তার মৃত্যু হয়েছে বলে স্বাস্থ্য দফতর জানিয়েছে।

এদিকে, রাজ্যে বর্তমানে ৩৭২ জন করোনায় আক্রান্ত বলে জানা গেছে। গত ২৪ ঘণ্টায় নতুন করে সংক্রমিত হয়েছেন ৪১ জন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে সময়ের আগে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর আগমন হলেও, শুষ্ক পশ্চিমী বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গে আপাতত গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে পূর্ব বিহারের উপর ঘূর্নাবর্ত থাকার কারণে, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম এবং দুই ২৪ পরগণা জেলায় বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দপ্তর।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রে খবর, উত্তরবঙ্গের পার্বত্য জেলাগুলিতে বৃষ্টি আপাতত চলবে বলে আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন ।

(বাইট – হবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ির ক্রান্তি ব্লকের চ্যাংমারির কাছে তিস্তা নদী থেকে আজ এক অজ্ঞাত পরিচয় পুরুষের দেহ উদ্ধার হয়েছে। সিকিমে লাগাতার বৃষ্টিতে ধসে অনেকেই নিখোঁজ রয়েছেন। দেহটি তাদেরই কারোর কিনা তা খতিয়ে দেখতে পুলিশ।

এদিকে, বন্যা ও ভূমিধ্বসে বিপর্যস্ত সিকিমে উদ্ধার কাজ চলছে জোরকদমে। উত্তর সিকিমে ছাতেন এলাকায় আটকে পড়া নাগরিকদের উদ্ধার করেছে বায়ু সেনা। মঙ্গান জেলায় আটকে পড়া পর্যটক এবং আহত সেনা কর্মীদের উদ্ধারে মোতায়েন করা হয়েছে বেশকিছু হেলিকপ্টার। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীও উদ্ধার কাজে অংশ নিচ্ছে। এই উদ্ধার কাজে ব্যবহার করা হচ্ছে দুটি এম আই সেভেন্টিন ভি-ফাইভ হেলিকপ্টার। লাচেনে এখনও ভূমি ধ্বসের জেরে প্রায় দেড়শোজন পর্যটক আটকে রয়েছেন। সিকিমের মুখ্য সচিব আর তেলাং গ্যাংটকে পরিস্থিতি পর্যালোচনায় এক উচ্চ পর্যায়ের বৈঠক করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

দুবাইয়ে চাকরির নামে প্রতারণা সংক্রান্ত মামলায় কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI, আজ সকাল থেকে শিলিগুড়ির বিভিন্ন জায়গায় অভিযান চালাচ্ছে। শিলিগুড়ি পৌরসভার চার ও পাঁচ নম্বর ওয়ার্ড ছাড়াও মাটিগাড়া এলাকার কোলা বস্তিতেও হানা দেয় সিবিআইয়ের দল। চার নম্বর ওয়ার্ডের মহারাজ কলোনিতে শুভম গুপ্তের বাড়িতে যায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। পাঁচ নম্বর ওয়ার্ডের নতুনপাড়ায় সোনু ঠাকুর এবং সুরজ তামাংয়ের বাড়িতেও অভিযান চালানো হয়।

০০০০০০০০০০০০০০০০০

শান্তিনিকেতনে অবনীন্দ্রনাথ ঠাকুরের বাড়ি ভেঙে ফেলার তীব্র নিন্দা করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ এক্স হ্যান্ডেলে লিখেছেন, একজন শিল্পীর স্মৃতি বিজড়িত বাড়ি ধ্বংস করাই নয়, সমগ্র বাঙালী জাতির সাংস্কৃতিক চেতনার ওপর এটি আঘাত।

ooooooooooooooooo

বামফ্রন্ট আগামী ৭ই জুন ইদুজ্জোহায় রাজ্যের সর্বত্র নিরাপত্তা ও শান্তির পরিবেশ রক্ষায় যথাযথ ব্যবস্থা নেবার জন্য রাজ্য প্রশাসনের কাছে আবেদন জানিয়েছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু আজ এক বিবৃতিতে রাজ্যের ঐতিহ্য অক্ষুণ্ন রেখে সম্প্রীতি ও সৌহার্দ্যের পরিবেশে এই উৎসব পালন করতে রাজ্যের সব অংশের মানুষের কাছে আবেদন জানিয়েছেন।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার খড়দা ও কামারহাটি থানার পুলিশের যৌথ অভিযানে ধৃত অস্ত্র ব্যবসায়ী নায়েব আনসারি ওরফে নেপালীর ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে।
পানিহাটির মৌলানা সেলিম রোডের বাসিন্দা নায়েবের বাড়ি থেকে গতরাতে প্রচুর আগ্নেয়াস্ত্র ও কার্তুজ উদ্ধার করে পুলিশ। ওই ব্যক্তি তৃণমূল কংগ্রেস ঘনিষ্ঠ বলে এলাকাবাসীর দাবী।

ooooooooooooooooo

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ লোকনাথ ব্রহ্মচারীর **১৩৫**-তম তিরোধান দিবস পালিত হচ্ছে। এই উপলক্ষে তেঘরিয়া, চাকলা সহ বিভিন্ন স্থানের লোকনাথ মন্দিরে সকাল থেকেই ভক্তদের ভীড় চোখে পড়ছে। অনেক ভক্ত বাড়িতেও পুজোর আয়োজন করেছে।

দক্ষিণ কলকাতার সুরুচি সংঘেও লোকনাথবাবার তিরোধান দিবস পালিত হচ্ছে।

oooooooooooooooooooooo